

**Promoting Agricultural Commercialization and Enterprises (PACE)** পিকেএসএফ কর্তৃক পরিচালিত “ফিস ড্রায়ার ও জৈব পদ্ধতি ব্যবহারের মাধ্যমে বিষমুক্ত শুটকী মাছ উৎপাদন ও বাজারজাতকরণের দ্বারা উদ্যোক্তাদের আয়বৃদ্ধি ও জীবনযাত্রার মান উন্নয়ন” শীর্ষক ভ্যালু চেইন উন্নয়ন প্রকল্প। প্রকল্পের মোট মেয়াদ তিন বছর। প্রকল্প শুরুর তারিখ ২০ ফেব্রুয়ারী ২০১৭ইং। প্রকল্প শেষের তারিখ ১৯ ফেব্রুয়ারী ২০২০ইং। প্রকল্পের মোট উপকারভোগীর সংখ্যা ৫,০০০জন। কর্মএলাকা কক্সবাজার সদর ও মহেশখালী। প্রকল্পটি ইফাদ ও পল্লী কর্ম সহায়ক ফাউন্ডেশনের সহায়তা পরিচালিত হচ্ছে। প্রকল্পে নিয়োজিত মোট কর্মীর সংখ্যা ৬৪৬। প্রকল্পের মোট বাজেট ১,৩৭,১৭,০০০ টাকা। কর্মএলাকায় প্রকল্পের সহায়তায় নিরাপদ মাছ শুকানোর জন্য ২৩ টি মেকানিক্যাল ফিস ড্রায়ার ও 4৬টি নেটের মাঁচা স্থাপন করা হয়েছে। ফিস ড্রায়ার ব্যবহার করে উদ্যোক্তারা বছরব্যাপী নিরাপদ শুটকী উৎপাদন অব্যাহত রেখেছেন।

gbRfi i Dbqb ꞤcBm cKfi i

wdm Wqvi chv<sup>3</sup> t

KKevRvi kni স্থ উত্তর নুনিয়ারছড়া গ্রামের বাসিন্দা মোঃ মনজুর আলম। পেশায় একজন শুটকী উৎপাদনকারী। চম্বিজ Z পদ্ধতিতে রোদে শুকিয়েই মনজুর আলম শুটকী তৈরী করতেন। শুটকী তৈরী কালে তিনি কাঁচা পঁচা মাছ দিয়েই শুটকী তৈরী করতেন। বিষাক্ত রাসায়নিক ও লবণ পানিতে চুবিয়ে সাধারণত মাছ শুকাতেন তিনি। অক্টোবর হতে মার্চ পর্যন্ত এই ৬ মাস মাছ শুকাতেন। অন্য ৬ মাস অবসর সময় কাটাতেন। অবসর সময়ে পুঁজি ভেঞ্জে চলতেন। শুটকী উৎপাদনে আধুনিক দক্ষতা কিংবা প্রযুক্তির ব্যবহার না জানার কারণে যেনতেন ভাবেই শুটকী তৈরী করতেন। বিষাক্ত রাসায়নিক মিশ্রিত শুটকী মানব দেহের জন্য ক্ষতিকর তা জেনেও এ কাজটি করতেন কারণ বিকল্প পদ্ধতিতে মাছ শুকানো তার জানা ছিল না। ২০১৭ সালের ডিসেম্বর মাসে নুনিয়ার ছড়ায় ফিস ড্রায়ার ও জৈবিক পদ্ধতিতে শুটকী উৎপাদনের প্রশিক্ষণ প্রাপ্ত হন। প্রশিক্ষণের মাধ্যমে তিনি বিষমুক্ত শুটকী উৎপাদনে ফিস ড্রায়ার প্রযুক্তির ব্যবহার জানতে পারেন। পরবর্তীতে ফিস ড্রায়ার প্রযুক্তি ব্যবহারের ইচ্ছা প্রকাশ করেন মনজুর। তার আগ্রহ ও বিষমুক্ত শুটকী তৈরীর পরিকল্পনা দেখে পেইস প্রকল্পের মাধ্যমে পরিচালিত “বিষমুক্ত শুটকী উৎপাদনে ফিস ড্রায়ার ও জৈবিক প্রযুক্তি সম্প্রসারণ” শীর্ষক প্রকল্প হতে অনুদান বাবদ ৯০,০০০/- UvKv c0vb Kiv হয়। প্রকল্প সংশ্লিষ্ট কর্মকর্তাদের সাথে সর্বাঙ্গিক যোগাযোগে। মাধ্যমে তিনি ফিস ড্রায়ার প্রযুক্তি তৈরী করতে সক্ষম হন। শুটকী উৎপাদনে সম্পন্ন নতুন একটি প্রযুক্তি ফিস ড্রায়ার। ২০১৮ সালের জানুয়ারী মাসে তিনি প্রথম শুটকী উৎপাদন শুরু করেন। এ প্রযুক্তির মাধ্যমে তিনি শতভাগ বিষমুক্ত শুটকী উৎপাদনে সক্ষম হন। বাজারে বিষমুক্ত ও আধুনিক পদ্ধতিতে শুটকীর e'vCK Pwim`vi কারণে তিনি বেশী পরিমাণে শুটকী উৎপাদনে আগ্রহী হন। তার উৎপাদিত শুটকী কক্সবাজারের লাবনী পয়েন্ট,

কলাতলীর বিভিন্ন শুটকীর দোকান, সুগন্ধা পয়েন্ট ও বড়বাজারের পাইকার এবং খুচরা ব্যবসায়ীরা ভালো দামে কিনে নিয়ে যান। নিজের উৎপাদিত শুটকী বিক্রি করে ভালো দাম পেয়ে দারুন খুশী মনজুর আলম। ফিস ড্রায়ার প্রযুক্তির মাধ্যমে যেহেতু সারাবছর শুটকী উৎপাদন করা সেকারণে তিনি বর্ষামোসুমেও ফিস ড্রায়ারে মাছ শুকানেন। মৌখ সাপোর্টের মাধ্যমে প্রকল্প হতে ১টি ড্রায়ার দিয়ে তিনি মাছ উৎপাদন শুরু



ছবি ১ঃ নিজ ফিস ড্রায়ারে কাজ করছেন মনজুর

চাহিদার ব্যাপকতা বেড়েছে। চাহিদা। K\_v

চিন্তা করে ইতিমধ্যে ড্রায়ারটি আকারে বড় করেছেন। ইতিমধ্যে ১-২ উদ্যোগে আরও ১টি ফিস ড্রায়ার স্থাপন করেন। বর্তমানে ২টি ড্রায়ারে শুটকী মাছ উৎপাদন করছেন। মঞ্জু জানান, তার খামারে বর্তমানে ৮ জন নারী ও ২ জন পুরুষ শ্রমিক কাজ করছেন। শহরে বিষমুক্ত শুটকী মাছ উৎপাদকদের বিলবোড সাইনবোর্ড লাগানোর ফলে পর্যটকদের দৃষ্টি আকর্ষণ হচ্ছে। বর্তমানে তার উৎপাদিত শুটকী দেশের মধ্যে যথেষ্ট সুনাম কুড়িয়েছে। তার উৎপাদিত শুটকী বর্তমানে হংকং, সৌদি আরব ও চীনে রপ্তানী হচ্ছে। উৎপাদিত শুটকী বিক্রির জন্য কক্সবাজারের সুগন্ধা পয়েন্টে তিনি নিজেই একটি দোকান পরিচালনা করেন।



যেখান থেকে কক্ৰবাজারে আগত পর্যটকরা বিষমুক্ত ও লবণমুক্ত শুটকী ক্রয় করছেন। কক্ৰবাজারে ভালো মানের শুটকী পেয়ে পর্যটকরাও স্বস্তির নিঃশ্বাস ফেলছেন। ছোট সংসারে মেয়ে ও স্ত্রী নিয়ে স্বচ্ছল ভাবে দিন কাটাচ্ছেন মনজুর। তার একমাত্র মেয়ে শহরের ইংরেজী মাধ্যমে স্কুলে পড়ালেখা করছে। স্বামীর সফলতা দেখে স্ত্রীও দারুন খুশী। স্বামীর এ সফলতার জন্য কোস্ট ট্রাস্টের পেইস প্রকল্পকে তিনি ধন্যবাদ জানান। মোঃ মনজুর মনে করেন, বিষমুক্ত শুটকী উৎপাদন তিনি কক্ৰবাজারে আগত পর্যটকদের গুণগত মানের শুটকী সরবারহ করে পর্যটকদের চাহিদা পূরণে সক্ষম হয়েছেন। তার ভবিষ্যত পরিকল্পনা ব্যক্ত করে তিনি বলেন, তিনি নিজ উদ্যোগে আরও কয়েকটি ড্রায়ার স্থাপন করে দেশেও ও দেশের বাইরের চাহিদা পূরণে সক্ষম হবেন।

m³úv` Kxq :gwmK i`Wkx evZfQ hvi v tj Lv cwWtq I Ab'vb`  
fvte mnthvMzv Kti fQb mevBtK Avšri K ab'ev` |

gwmK i`Wkx evZvQ gZvgZ, mpcwi k, Awfthv†Mi Rb`  
†hvMv†hvM Ki b:

01755-531721

